

advertisement

মাওলানা ভাসানী বিশ্ববিদ্যালয় চলছে সাড়ে ৩শ কোটি টাকার উন্নয়ন কাজ

টাঙ্গাইল সদর প্রতিনিধি

১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০৭ টাঙ্গাইলে মাওলানা

ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোসহ সামগ্রিক উন্নয়নে প্রায় ৩শ ৪৫ কোটি ৭৭ লাখ টাকার প্রকল্পের কাজ চলছে। এটি বাস্তবায়িত হলে উন্নয়নের দিক থেকে বিশ্ববিদ্যালয় কৈশোর থেকে যৌবনে পদার্পণ করবে বলে জানিয়েছেন উপাচার্য ড. মো. আলাউদ্দিন।



১৯৯৯ সালের ১২ অক্টোবর তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা মজলুম জননেতা মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর নামে এ বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। দেড় যুগ পেরিয়ে গেলেও ২০০৮ সাল পর্যন্ত অবকাঠামো উন্নয়নের চিত্র ছিল খুবই হতাশাজনক। দ্বিতীয় মেয়াদে ড. মো. আলাউদ্দিন উপাচার্যের দায়িত্ব নিয়ে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নের প্রচেষ্টা শুরু করেন। এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষা, প্রশাসন ও অবকাঠামোগত উন্নয়নের জন্য ২০১৬ সালের ২৫ অক্টোবর জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রকল্পটি অনুমোদন লাভ করে।

advertisement

প্রকল্পের আওতায় রয়েছে, ১২তলা একাডেমিক-কাম-রিসার্চ ভবন, ১০তলা প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন, তৃতীয় ছাত্রহলের অবশিষ্টাংশ নির্মাণ, ১০তলা শেখ ফজিলাতুমেছা মুজিব হল, সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন ও হল এবং শেখ রাসেল হল নির্মাণ।